

বারাক ওবামার কান্না

মাহমুদুল হক ফয়েজ



বারাক ওবামা ইতিহাস রচনা করেছেন। একজন কৃষগঞ্জ হয়ে আমেরিকার মত শক্তিদ্বর রাষ্ট্রের কর্ণধার হলেন। আর কয়দিন পরেই শপথ হবে তার। ওবামার এ জয়ে সম্ভবত: আমেরিকানদের চেয়ে তৃতীয় বিশ্বের মানুষদের উৎফুল্লতাই লক্ষ্য করা গেছে বেশী। ওবামা যেন তৃতীয় বিশ্বের প্রতীক হয়ে গেলেন।

নির্বাচনের মাত্র দুদিন আগে ওবামা কেঁদেছিলেন। তাঁর প্রিয় নানী এ ঐতিহাসিক বিজয় দেখে যেতে পারেননি। ওবামা তাঁর কাছেই মানুষ হয়েছিলেন। তাঁর নানীর চির বিদায়ে ব্যাথিত ওবামার চোখের কোণ বেয়ে অশ্রু ঝরেছিলো।

তৃতীয় বিশ্বের শিশুরাও কাঁদে। এরা কাঁদে ক্ষুধার তীব্র জ্বালায়। ওবামার অশ্রু আর এই শিশুদের অশ্রুধারা কি একই স্রোতে বয়ে যাবে? যুদ্ধবাজ আমেরিকার বদনাম ঘুচিয়ে ওরামা কি পারবেন মানবতার আমেরিকা গড়ে তুলতে?